২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোছাঃ নাসরিন বানু, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর ।

স্থান ঃ 'বড়াল' সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর ।

তারিখ ঃ ০৭ মার্চ ২০১৮খ্রিঃ, সময়-সকাল ১১.০০ টা ।

উপস্থিত সদস্য ঃ হাজিরা মোতাবেক ৯৪ জন ।

সভার প্রারম্ভে সভাপতি গভীরভাবে শ্রদ্ধা জানান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর ডাকে সাড়া দিয়ে যাঁরা আত্মাহুতি দিয়েছেন এবং ২৫ মার্চ তারিখে যাঁরা গণহত্যার স্বীকার হয়েছেন তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন ও আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি ২৫ মার্চ গণহত্যা দিবসের তাৎপর্য তুলে ধরে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি বলেন মহান মুক্তিযুদ্ধ আমাদের অস্তিত্বের মূলস্তম্ভের একটি গুরুত্বপুর্ণ অংশ। আলোচনার শুরুতে তিনি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৫.০০১.২০১৮-১৪ সংখ্যক স্মারক পত্রটি সভায় উপস্থাপন করেন এবং পত্রে উল্লেখিত জাতীয় গৃহীত কর্মসূচির আলোকে দিবসটি যথাযথ মর্যাদা এবং ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের লক্ষ্যে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়নের নিমিত্তে উপস্থিত সকলকে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য আহবান জানান। সভাপতির আহবানের প্রেক্ষিতে জনাব মোঃ সেকেন্দার রহমান,সাধারণ সম্পাদক, বাগাতিপাড়া উপজেলা আওয়ামীলীগ, জনাব মোঃ আজাদ হোসেন, সাবেক ডেপুটি কমান্ডার, জনাব মোঃ আশরাফুল আলম খান ডাবলু, জনাব শ্রী শুকুমার মুখার্জী, পুরোহিত ও সভাপতি হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্যপরিষদ, জনাব মোঃ নূরুল ইসলাম ঠান্টু, জনাব মোঃ সাদেকুর রহমান, সোনাপাতিল, শিক্ষকবৃন্দ, এনজিও ম্যানেজার এবং সুধীবৃন্দ সভায় মূল্যবান বক্তব্য এবং প্রস্তাবনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে দিবসটি পালনে নিম্নবর্ণিত কর্মসূচী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৮ উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে অত্র উপজেলায় নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হলো।

| ক্র.নং | তারিখ/সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২৫.০৩.২০১৮ সুবিধাজনক সময়ে | স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা । | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার বাগাতিপাড়া, নাটোর/ সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান । |
| ২ | ২৫.০৩.২০১৮ | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী | 'বড়াল' সভাকক্ষ | উপজেলা নির্বাহী অফিসার বাগাতিপাড়া, নাটোর |
| ৩ | ২৫.০৩.২০১৮ বাদযোহর/ সুবিধাজনক সময়ে | ২৫শে মার্চ রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা । | সকল মসজিদ/মন্দির/ গীর্জা/প্যাগোডা | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন বাগাতিপাড়া, নাটোর । |
| ৪ | ২৫.০৩.২০১৮ সকাল ১০.০০ | ২৫শে মার্চ গণহত্যা দিবস সম্পর্কে আলোচনা | 'বড়াল' সভাকক্ষ | উপজেলা নির্বাহী অফিসার বাগাতিপাড়া, নাটোর |
| ৫ | ২৫.০৩.২০১৮ সন্ধ্যা ৬.০০ | গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান । | কেন্দ্রীয় শহীদ মিনার মাঠ | জনাব মোঃ ইউনুস আলী, সহঃ অধ্যাপক, বাগাতিপাড়া ডিগ্রি কলেজ, বাগাতিপাড়া । |
| ৬ | ২৫.০৩.২০১৮ সন্ধ্যা ৯.০০ | সারা দেশে প্রতিকি ব্ল্যাক-আউট ০১ মিনিট। | সমগ্র উপজেলা | জেনারেল ম্যানেজার নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২ |

ক্রমশ পাতা-২

(১) গৃহীত সকল কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো ।

(২) গৃহীত কর্মসূচী বাস্তবায়ন ও ছাত্র ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো ।

(৩) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে গৃহীত কর্মসূচী বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো ।

(৪) পৌরসভা সহ সকল ইউনিয়নে প্রজেক্টরের মাধ্যমে গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র/ মুক্তিযুদ্ধভিত্তিক প্রামান্য চিত্র প্রদর্শনের জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভা ও সকল ইউ, পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো ।

(৫) সকল বিদ্যালয়ে ২৫শে মার্চ গণহত্যা সম্পর্কে আলোচনা অনুষ্ঠান নিশ্চিত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে পত্র প্রেরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার,বাগাতিপাড়া কে অনুরোধ জানানো হলো ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন

০৭.০৩.১৮

(মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া,নাটোর
দুরালাপনী ০৭৭২২-৭২০০১
ই-মেইলঃ unobagatipara@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর
www.unobagatipara.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৬৯০৯.০০.১৪.০০২.১৬-২৩৮(৫০) তারিখ ঃ ০৭ মার্চ ২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

(১) মাননীয় সংসদ সদস্য,৫৮-নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া) ।
(২) জেলা প্রশাসক, নাটোর ।
(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাগাতিপাড়া,নাটের
(৪) উপজেলা ...মাধ্যমিক শিক্ষা... অফিসার,বাগাতিপাড়া,নাটোর ।
(৫) জনাব ........................................................................................,বাগাতিপাড়া,নাটোর ।

০৭.০৩.১৮

(মোছাঃ নাসরিন বানু)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া,নাটোর
দুরালাপনীঃ ০৭৭২২-৭২০০১
ই-মেইলঃ unobagatipara@mopa.gov.bd

সহঃ শিক্ষক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

২২/৩/১৮

মোঃ আহাদ আলী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
বাগাতিপাড়া, নাটোর।